

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯১

১/ বিবিধ

আরবী

لأن أحلف بالله وأكذب، أحب إلي من أن أحلف بغير الله وأصدق
موضوع

أخرجه أبو نعيم في " الحلية " (7 / 267) وفي " أخبار أصبهان " (2 / 181) من طريق محمد بن معاوية حدثنا عمر بن علي المقدمي، حدثنا مسعر عن وبرة عن همام عن ابن مسعود مرفوعا، وقال أبو نعيم في " الأخبار " : رواه الناس موقوفا، وقال في " الحلية " : تفرد به محمد بن معاوية قلت: وهو النيسابوري كذبه الدارقطني، وقال ابن معين: كذاب، والمعروف كما ذكر أبو نعيم أن الحديث من قول ابن مسعود. كذلك رواه الطبراني في " الكبير " (3 / 17 / 2) بسند صحيح، ورجاله رجال الصحيح كما في " المجمع " (4 / 177)

বাংলা

৯১। আল্লাহর নাম ধরে কসম করে মিথ্যা কথা বলা আমার নিকট অতিপ্রিয়, আল্লাহ ছাড়া অন্য কিছু নামে কসম করে সত্য বলা হতে।

হাদীসটি জাল।

হাদীসটি আবু নু'য়াইম "আল-হিলইয়াহ্" গ্রন্থে (৭/২৬৭) এবং "আখবারু আসবাহান" গ্রন্থে (২/১৮১) উল্লেখ করে "আখবার" গ্রন্থে বলেছেনঃ লোকেরা এটিকে মওকুফ হিসাবে বর্ণনা করেছেন। আর "হিলইয়াহ" গ্রন্থে বলেছেনঃ মুহাম্মাদ ইবনু মুয়াবিয়া একক ভাবে হাদীসটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি হচ্ছেন নাইসাপুরী। দারাকুতনী তাকে মিথ্যুক আখ্যা দিয়েছেন। ইবনু মাসঈনও বলেছেনঃ তিনি মিথ্যুক।

তবে এটি ইবনু মাসউদ (রাঃ)-এর বাণী, যেমনভাবে আবু নু'য়াইম উল্লেখ করেছেন। অনুরূপভাবে তাবারানীও “মুজামুল কাবীর” গ্রন্থে (৩/১৭/২) সহীহ সনদে বর্ণনা করেছেন। যেমনটি এসেছে “আল-মাজমা” গ্রন্থে (৪/১৭৭)। অর্থাৎ এটি মওকুফ হিসাবে সহীহ্।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5352>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন